স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৬

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ২ কোর্স: MJBENG03

**সাহিত্যের সংরূপ, সাহিত্য-আন্দোলন এবং ভারতীয় আর পাশ্চাত্য সাহিত্যের ইতিহাসের নির্বাচিত পাঠ**

**সময়: ৩ ঘণ্টা** **পূর্ণমান: ৮০**

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ এবং ১০ সংখ্যক প্রশ্নের উত্তর দেওয়া আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

**একক-১**

১। ওড-এর বৈশিষ্ট্য সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১৫

২। 'একাঙ্কিকা' নামটি কার দেওয়া? একাঙ্ক নাটকের বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। বাংলা একাঙ্ক নাটকের দুটি উদাহরণ দাও। ১+১২+২= ১৫

**একক-২**

৩। নিওক্লাসিসিজমের সময়কাল ও প্রবক্তাদের নাম উল্লেখ করে এই সাহিত্য আন্দোলনের বিশেষত্বগুলি আলোচনা করো। ৫+১০=১৫

৪। সিম্বল কী? সাহিত্য-আন্দোলন হিসেবে সিম্বলিজম কোন পটভূমিকায় প্রসার লাভ করে? উদাহরণসহ এই সাহিত্য আন্দোলনের প্রধান দিকগুলি আলোচনা করো। ২+৫+৮=১৫

**একক-৩**

৫। ঋগ্বেদের মধ্যে বৈদিক যুগের সমাজের ছবি পাওয়া যায়— আলোচনা করো। ১৫

৬। বাল্মীকির রামায়ণ আর মধ্যযুগের প্রাদেশিক রামকথাগুলির মধ্যে বৈশিষ্ট্যগত পার্থক্য আলোচনা করো। ১৫

**একক-৪**

৭। মিল্টনের জীবনকথা সংক্ষেপে বর্ণনা করো। তাঁর 'প্যারাডাইস লস্ট' মহাকাব্য সম্পর্কে আলোচনা করো। তাঁর অন্যান্য কাব্যের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫+৫+৫=১৫

৮। রোমান্টিক কবিরূপে শেলির বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। তাঁকে বিপ্লবের কবি বলা হয় কেন? শেলির কাব্যগুলির সংক্ষিপ্ত পরিচয় দাও। ৪+২+৯=১৫

৯। টীকা লেখো (যে-কোনো **দুটি**): ২x৫=১০

(ক) সনেট

(খ) ক্লাসিসিজম বনাম রোমান্টিসিজম

(গ) আলোয়ার

(ঘ) 'ম্যাকবেথ' ট্র্যাজেডি

১০। যে-কোনো **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও: ৫x২=১০

(ক) কবির নামের উল্লেখসহ বাংলায় লেখা এলিজির দুটি উদাহরণ দাও।

(খ) ইংরেজিতে অণুগল্প-কে যে সকল নামে অভিহিত করা হয়, তার যে-কোনো দুটি নামের উল্লেখ করো।

(গ) 'লিরিক্যাল ব্যালাডস' কার লেখা? এটি কোন সাহিত্য-আন্দোলনের সঙ্গে যুক্ত?

(ঘ) সুররিয়ালিজম কোন শিল্প-সাহিত্য-আন্দোলনের অনুষঙ্গে উদ্ভূত এবং ওই শিল্প-সাহিত্য-আন্দোলনটির মূল প্রবক্তা কে?

(ঙ) বাংলায় রামায়ণ লিখেছেন এমন দুজনের নাম লেখো।

(চ) তুকারাম ও মীরাবাই কোন কোন প্রদেশের কবি?

(ছ) শেক্সপিয়ারের দুটি কমেডির নাম প্রকাশকালসহ লেখো।

(জ) 'এন্ডিমিয়ন' কাব্যের রচয়িতা কে? কাব্যের কাহিনি কোথা থেকে নেওয়া হয়েছে?

স্নাতক (মেজর) পরীক্ষা ২০২৬

মেজর বাংলা (NEP)

সেমেস্টার: ২ কোর্স: MJBENG04

বাংলা ভাষা ও ভাষাতত্ত্ব

সময়: ৩ ঘণ্টা

পূর্ণমান: ৮০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর দান আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

একক – ১

১। বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস রেখাচিত্র সহযোগে আলোচনা করো। ১৫

২। আদিমধ্য বাংলার সময়সীমা এবং নিদর্শন উল্লেখ করে এর ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো। ১+২+১২=১৫

একক – ২

৩। স্বরধ্বনির সংজ্ঞা দাও। বাংলায় প্রসারিত ও কুঞ্চিত স্বরধ্বনির সংজ্ঞাসহ দুটি করে উদাহরণ দাও। জিহ্বার সম্মুখ-পশ্চাৎ অবস্থান অনুযায়ী এবং উচ্চ-নিম্ন অবস্থান অনুযায়ী বাংলা স্বরধ্বনির বিভাগগুলি সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ২+৪+৯ = ১৫

৪। উদাহরণসহ বাংলায় শব্দার্থ পরিবর্তনের ধারা সম্পর্কে আলোচনা করো। ১৫

একক – ৩

৫। উপভাষা কাকে বলে? ঝাড়খণ্ডি উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৫+১০

৬। IPA অথবা রোমান-এ রূপান্তর করো। ১৫

আমাদের দেশে এখানে সেখানে দূরে দূরে গুটিকয়েক বিশ্ববিদ্যালয় আছে, সেখানে বাঁধা নিয়মে যান্ত্রিক প্রণালীতে ডিগ্রি বানাবার কারখানাঘর বসেছে। এই শিক্ষার সুযোগ নিয়ে ডাক্তার এঞ্জিনিয়র উকিল প্রভৃতি ব্যবসায়ীদের সংখ্যাও বেড়ে চলেছে। কিন্তু সমাজে সত্যের জন্য কর্মের জন্য নিষ্কাম আত্মনিয়োগের ক্ষেত্র প্রতিষ্ঠা হয় নি। প্রাচীন কালে ছিল তপোবন; সেখানে সত্যের অনুশীলন এবং আত্মার পূর্ণতা-বিকাশের জন্য সাধকেরা একত্র হয়েছেন, রাজস্বের ষষ্ঠ অংশ দিয়ে এই-সকল আশ্রমকে রক্ষা করা রাজাদের কর্তব্য ছিল।

একক – ৪

৭। উদাহরণসহ বাংলা পদগঠনসূত্রটি আলোচনা করো। ১৫

৮। পারঙ্গমতা ও ভাষা ব্যবহার বলতে কী বোঝো তা বিস্তারে আলোচনা করো। ১৫

৯। টীকা লেখো। (যে-কোনো দুটি) ২X৫=১০

(ক) বাংলা লিপির উদ্ভব (খ) ঘৃষ্টধ্বনি (গ) রেজিস্টার (ঘ) বৈশ্বিক ব্যাকরণ ও বিশেষ ব্যাকরণ

১০। সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর দাও। (যে-কোনো পাঁচটি) ৫X২=১০

ক। প্রাচীন বাংলার দুটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

খ। আধুনিক বাংলার দুটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য লেখো।

গ। বাংলায় মহাপ্রাণ ধ্বনির দুটি উদাহরণ দাও।

ঘ। বাংলায় ধ্বনি-নিয়ন্ত্রিত রূপভেদ বা সহরূপিমের দুটি উদাহরণ দাও।

ঙ। ক্রেয়ল কাকে বলে?

চ। চমস্কির অন্বয়তত্ত্ব সম্পর্কিত যে-কোনো একটি গ্রন্থের নাম প্রকাশকালসহ লেখো।

ছ। কোন বাংলা গ্রন্থে প্রথম রোমান লিপি ব্যবহৃত হয় এবং সেটি কত সালে?

জ। IC ও UC বলতে কী বোঝো?

স্নাতক মেজর পরীক্ষা ২০২৬

মেজর বাংলা(NEP)

সেমেস্টার: ২ কোর্স: SECBNG02

অনুবাদ

সময়: ২ ঘণ্টা পূর্ণমান: ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৬ নং প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক-১

১। 'অনুবাদ' শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বা আক্ষরিক অর্থ নির্দেশ করো? উৎস ভাষা ও লক্ষ্য ভাষা কাকে বলে একটি অনূদিত গ্রন্থের সূত্রে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। অনুবাদের কাজে সহায়ক ভাষা বা মধ্যবর্তী ভাষার ভূমিকা কী লেখো। অনুবাদের সূত্রে রূপান্তর কাকে বলে উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। ২+৪+৩+৩=১২

২। অনুবাদের মাধ্যমে কীভাবে সাংস্কৃতিক ভাব বিনিময় সম্ভব বুঝিয়ে দাও। প্রসঙ্গত অনুবাদ গ্রন্থে মূল অলংকরণ বজায় রাখার তাৎপর্য বিষয়ে তোমার স্বাধীন মতামত দাও। ৮+৪=১২

একক-২

৩। প্রাগাধুনিক বাংলা সাহিত্যে রামায়ণ,মহাভারত ও ভাগবত অনুবাদের ধারা বিষয়ে একটি সংক্ষিপ্ত নিবন্ধ রচনা করো। ১২

৪। সাংস্কৃতিক টীকা কাকে বলে বুদ্ধদেব বসুর যে-কোনো একটি অনুবাদ গ্রন্থের সূত্রে বিস্তারে বুঝিয়ে দাও। ১২

৫। বাংলায় অনুবাদ করো: ১০

One day, a donkey was nibbling on some green grass in the field. The sun was shining in the sky, and the donkey's big ears were filled with the delightful sound of grasshoppers. The grasshoppers rubbed their legs together and sang their tiny hearts out.

The donkey felt light and merry and exclaimed:

"What delicious grass! What a delightful day! What wonderful music! How wonderful it feels to be alive on a day like this."

অথবা

यह सफर, जानती हूं

यह सफर
जानती हूं
आखिरी मंजिल पे लाकर
हमें तन्हा छोड़ देगा

और
वो रोशनी
जिसकी तलाश
तुम्हें भी है
मुझे भी
इसी इक तन्हाई के बाद मिलेगी जाकर

जरा सी देर
मेरा हाथ थाम लो
अभी राहों में अंधेरा है...

৬। টীকা লেখো (যে-কোনো দুটি) ২×৩=৬

ক) অনুবাদের প্রকারভেদ

খ) অনুবাদকের সমস্যা

গ) অনুবাদ গ্রন্থ হিসেবে বিদ্যাসাগরের *ভ্রান্তিবিলাস*

স্নাতক পরীক্ষা ২০২৬

মেজর বাংলা (NEP)

সেমেস্টার : ২ কোর্স : SECBNG02

(অনুবাদ)

সময় : ৩ ঘণ্টা পূর্ণমান : ৬০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

৭ নং প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে

*(কেবলমাত্র অকৃতকার্য পরীক্ষার্থীদের জন্য)*

## একক ১

১। অনুবাদের প্রয়োজনীয়তা সম্পর্কে আলোচনা করো? একজন অনুবাদককে কী কী ধরনের চ্যালেঞ্জের মুখোমুখি হতে হয় তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ৮+৭=১৫

২। রবীন্দ্রনাথের কোনো একটি রচনার স্বকৃত অনুবাদের সঙ্গে ওই রচনার অন্যকৃত অনুবাদের তুলনামূলক পর্যালোচনা করো। ১৫

## একক ২

৩। বাংলা ভাষায় মুদ্রণপূর্ব পর্বে ও মুদ্রণ-প্রযুক্তির আগমনের পরবর্তী পর্বে 'অনুবাদ'-সম্বন্ধীয় ভাবনায় কোনো পার্থক্য দেখা যায় কি না সংক্ষেপে উদাহরণসহ আলোচনা করো। ১৫

৪। বিদ্যাসাগর-কৃত অনুবাদের সংক্ষিপ্ত পরিচয় দাও। অনুবাদক হিসেবে তাঁর গুরুত্ব বিচার করো। ৮+৭=১৫

## একক ৩

৫। বাংলায় অনুবাদ করো ১৫

Every afternoon, as they were coming from school, the children used to go and play in the Giant's garden.

It was a large lovely garden, with soft green grass. Here and there over the grass stood beautiful flowers like stars, and there were twelve peach-trees that in the spring-time broke out into delicate blossoms of pink and pearl, and in the autumn bore rich fruit. The birds sat on the trees and sang so sweetly that the children used to stop their games in order to listen to them. 'How happy we are here!' they cried to each other.

One day the Giant came back. He had been to visit his friend the Cornish ogre, and had stayed with him for seven years. After the seven years were over he had said all that he had to say, for his conversation was limited, and he determined to return to his own castle. When he arrived he saw the children playing in the garden.

(পরের পাতায়)

৬। বাংলায় অনুবাদ করো ১৫

Look again at that dot. That's here. That's home. That's us. On it everyone you love, everyone you know, everyone you ever heard of, every human being who ever was, lived out their lives. The aggregate of our joy and suffering, thousands of confident religions, ideologies, and economic doctrines, every hunter and forager, every hero and coward, every creator and destroyer of civilization, every king and peasant, every young couple in love, every mother and father, hopeful child, inventor and explorer, every teacher of morals, every corrupt politician, every "superstar," every "supreme leader," every saint and sinner in the history of our species lived there-on a mote of dust suspended in a sunbeam.

Our posturings, our imagined self-importance, the delusion that we have some privileged position in the Universe, are challenged by this point of pale light. Our planet is a lonely speck in the great enveloping cosmic dark. In our obscurity, in all this vastness, there is no hint that help will come from elsewhere to save us from ourselves.

৭। টীকা লেখো (যে-কোনো দু'টি) ২X৭.৫=১৫

ক. সোর্স ল্যাঙ্গুয়েজ ও টার্গেট ল্যাঙ্গুয়েজ

খ. অনুবাদ বিদ্যাচর্চা

গ. শ্রীকৃষ্ণকীর্তনে জয়দেবের অনুবাদ

Four Year Undergraduate Examination 2026 (NEP)

Minor Course in Bengali

Semester:II Course: MNBENG 01B

বাংলা বানান, অভিধান ও কনটেন্ট রচনা

Time: 3 Hours Full Marks: 80

৯ ও ১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক। বাকি প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দিতে হবে।

৮ সংখ্যক প্রশ্নের ক্ষেত্রে প্রুফ সংশোধন করে পৃষ্ঠাটি মূল উত্তরপত্রের সঙ্গে যুক্ত করতে হবে।

একক-১

১। কনটেন্ট রাইটিং-এর প্রকারভেদ হিসেবে বিজ্ঞাপনের সংজ্ঞা নির্ধারণ করো। বিজ্ঞাপনের কনটেন্ট রচনার ক্ষেত্রে কোন কোন বিষয়ের প্রতি গুরুত্ব দেওয়া উচিত? বিজ্ঞাপনের কনটেন্ট লেখার ক্ষেত্রে বিপণন, বিনোদন ও শিক্ষামূলক উপাদান কীভাবে উপস্থাপিত হয় উদাহরণের মাধ্যমে বিশ্লেষণ করো। ২+৫+৮=১৫

২। পডকাস্ট কী? ব্লগিং বলতে কী বোঝ উদাহরণসহ লেখো। কোনো একটি বাংলা ইউটিউব ট্র্যাভেল ব্লগিং চ্যানেলের মূল্যায়ন করো। ৫+২+৮=১৫

একক-২

৩। অভিধান বলতে কী বোঝায়? অভিধানের পাঁচটি বৈশিষ্ট্য সবিস্তারে লেখো। গবেষণাধর্মী অভিধান ও বিশেষ অভিধান সম্পর্কে আলোচনা করো। ২+৭+৬=১৫

৪। বিশ শতকের অভিধানচর্চায় রাজশেখর বসু ও তাঁর *চলন্তিকা* অভিধানের বিশেষত্ব লেখো। ১৫

একক-৩

৫। বাংলা বানান ভুলের প্রবণতাগুলি বিস্তারে আলোচনা করো। ১৫

৬। বাংলা স্বরধ্বনিগুলির বর্ণমূল, বর্ণভেদ, উচ্চারণ-প্রতিবেশ ও লিপি-প্রতিবেশগুলি সূত্রাকারে লেখো। ১৫

একক-৪

৭। বাংলা বইয়ের সম্পাদনার রকমফের সম্পর্কে আলোচনা করো। ১৫

৮। প্রদত্ত প্রুফটি কপির সঙ্গে মিলিয়ে সংশোধন করো। ১৫

৯। টীকা লেখো (যে-কোনো দুটি): ২X৫=১০

ক। ঘোস্ট রাইটিং

খ। বোরোলিন ও তার বিবর্তন

গ। প্রাচীন ভারতে অভিধানচর্চা

ঘ। হাউস স্টাইল

১০ যে-কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও: ৫X২=১০

ক। USP কী? উদাহরণসহ লেখো।

খ। Plagiarism কাকে বলে? এর বাংলা প্রতিশব্দ কী?

গ। দেশীয় পদ্ধতিতে রান্না করা হয় এরকম দুটি বাংলা ইউটিউব ফুড ব্লগিং চ্যানেলের নাম লেখো।

ঘ। একটি বিষয়ভিত্তিক ও একটি গবেষণাধর্মী অভিধানের নাম লেখো।

ঙ। *বঙ্গীয় শব্দকোষ* অভিধানের সংকলক কে? এটি কবে প্রথম প্রকাশিত হয়?

চ। প্রুফ রিডারের প্রধান দুটি কর্তব্য কী বলে তুমি মনে কর?

ছ। কাঠামোগত সম্পাদনা কী?

জ। পশ্চিমবঙ্গ বাংলা বানান বিধি অনুসারে নীচের শব্দ-জোড়ার মধ্যে কোন বানানটি ঠিক নির্দেশ করো:

১। কাহিনি/ কাহিনী

২। পরশমনি/ পরশমণি

৩। নবীন/ নবীণ

৪। খ্রিস্টাব্দ/ খ্রিষ্টাব্দ

৫। তত্তাবধান/ তত্ত্বাবধান

...............

রোল নম্বর .......................................................

৮ নং প্রশ্নের অংশ

কপি:

আখড়াই, হাফ আখড়াই, কবিগান, টপ্পা গান প্রভৃতি গান একই গোত্রের অন্তর্ভুক্ত হলেও এদের মধ্যে নানা ধরনের স্থূল-সূক্ষ্ম ভেদ আছে। আখড়াই গানকে 'টপ্পা'র পূর্বসূরি বলা যেতে পারে। প্রথমে আখড়াই মার্গরীতি অনুসারী এবং কঠিন গীত-রীত যুক্ত বৈঠকী সঙ্গীত হিসেবে আত্মপ্রকাশ করলেও পরে সেই গীতরীতি থেকে সরে এসে এক ধরনের সহজ গায়নরীতির রূপ দেওয়া হল, যার নাম 'আখড়াই'।

শান্তিপুর ছিল 'আখড়াই' গানের জন্ম ভূমি। শান্তিপুর বৈষ্ণব কেন্দ্র বলে 'আখড়াই' গানে বৈষ্ণবায়ন ঘটে। পরে রুচি ভ্রষ্টতার জন্য এ গান থেকে বৈষ্ণবভাব অন্তর্হিত হয়ে যায়। এর পর 'আখড়াই' গান হুগলি, চুঁচুড়ায় সম্প্রসারিত হল।

ঈশ্বরগুপ্ত 'সংবাদ প্রভাকর' পত্রিকায় (১২৬১ বঙ্গাব্দ, শ্রাবণ সংখ্যা) কুলুইচন্দ্রকে বলেছেন— 'আখড়াই গাহনার একজন জন্মদাতা...।' কবিজীবন গ্রন্থে তিনি বলেছেন— 'আখড়াইয়ের সৃষ্টি কোল্লে কুলুইচন্দ্র সেন।' তিনি এ গানকে নবকলেবরে সাজিয়েছিলেন।

প্রুফ:

আখড়াই, হাফ আখড়াই কবিগানই,টপ্পা গান প্রভৃতি গান একই গোত্রের অন্তর্ভুক্ত হলেও এদের মধ্যে নানা ধরনের স্থূল সূক্ষ্ম ভেদ আছে। আখড়াই গানকে 'টপ্পা'র পূর্বসুরি বলা যেতে পারে। প্রথমে আখড়াই মার্গরীতি অনুসারী এবং কঠিন গীতরিত যুক্ত বৈঠকীর সঙ্গীত হিসেবে আত্ম  প্রকাশ করলেও সেই গিতরিতি থেকে সরে এসে এক ধরনের সহজ গায়নরীতির রূপ দেওয়া হল, যার নাম 'আখড়াই'!

শান্তিপুর ছিল 'আখড়াই' গানের জন্ম ভূমি।শান্তিপুর বৈষ্ণব কেন্দ্র বলে 'আখড়াই' গানে বৈষ্ণ বায়ন ঘটে। পরে রুচি ভ্রষ্ঠতার জন্য এ গান থেকে বৈষ্ণবভাব অন্তরর্হিত হয়ে যায়। এর পর 'আখড়াই' গান হুগলিতে, চুঁচুড়ায় সম্প্রঃসারিত হল।

ঈশ্বরগুপ্তের সংবাদ প্রভাকর পত্রিকায় (১২৬১ বঙ্গাব্দ, শ্রাবণ সংখ্যা) কুলুইচন্দ্রকে বলেছেন  'আখড়াই গাহনার একজন জন্মদাতা...।' কবিজীবন গ্রন্থে তিনি বলেছেন - 'আখড়াইয়ের সৃষ্টি কোল্লে কুলুইচন্দ্র সেন।' তিনি এগানকে নবলেকবরে সাজিয়েছিলেন।

Four Year Undergraduate Examination 2026 (NEP 2020)

Multidisciplinary Course in Bengali

Semester : II Course : MDBENG02

Duration : 3 Hours Full Marks : 60

**(বাংলা কবিতা)**

**প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত**

**প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও। ১০ সংখ্যক প্রশ্নের উত্তরদান আবশ্যিক।**

**একক - ১**

১। 'কবিতার শত্রু ও মিত্র' প্রবন্ধে কবিতার বিরুদ্ধে উত্থাপিত প্রধান অভিযোগগুলি আলোচনা করো। ১৫

২। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের 'গীতিকাব্য' প্রবন্ধ অনুসরণে গীতিকাব্যের স্বরূপ আলোচনা করো। ১৫

৩। 'বাঙালি কবি নয় কেন' অবলম্বনে কবি হওয়ার প্রাথমিক শর্তাবলি উল্লেখ করো। ১৫

**একক - ২**

৪। 'আমার কৈফিয়ৎ' কবিতা অবলম্বনে নজরুল ইসলামের সমাজ মনস্কতার পরিচয় দাও। ১৫

৫। 'সুচেতনা' কবিতার সূত্রে জীবনানন্দ দাশের আশাবাদী মানসিকতার পরিচয় দাও। ১৫

৬। 'যেতে পারি কিন্তু কেন যাবো' কবিতায় প্রতিফলিত কবি শক্তি চট্টোপাধ্যায়ের জীবনাকাঙ্ক্ষার পরিচয় দাও। ১৫

৭। ভাস্কর চক্রবর্তীর 'শীত ৭২' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় আলোচনা করো। *(for back candidates only)* ১৫

**একক - ৩**

৮। চন্দ্রাবতী রামায়ণের মূল বিষয়বস্তু নিজের ভাষায় আলোচনা করো। ১৫

৯। 'স্বামীর কালো হাত' কবিতায় 'কালো হাত' কীভাবে পারিবারিক পরিসরে নারী-পুরুষের ক্ষমতা-সম্পর্কের প্রতীক হয়ে উঠেছে, তা কবিতা অনুসরণে বুঝিয়ে দাও। ১৫

১০। যশোধরা রায়চৌধুরীর 'ড্রেসিং টেবিল' কবিতায় প্রতিফলিত পণ্যসংস্কৃতির স্বরূপ উন্মোচন করো। ১৫

১১। নবনীতা দেবদেনের 'উলটো-সোজা' কবিতার বিষয়বস্তু নিজের ভাষায় আলোচনা করো। *(for back candidates only)* ১৫

১২। টীকা লেখো (যে-কোনো তিনটি) : ৩X৫=১৫

(ক) কবিতার মিত্রপক্ষ

(খ) শ্যামলাল চরিত্র

(গ) পূর্বরাগ

(ঘ) 'খুড়োর কল'

(ঙ) সীতা চরিত্র

(চ) 'আজীবন পাথরপ্রতিমা'

(ছ) মানকুমারী বসু/ কামিনী রায় *(for back candidates only)*

**Four-Year Undergraduate Programme**
**Semester II (NEP) Examination, 2026**
**English**
**AECC 02 (Ability Enhancement Compulsory Course): English Communication**

**Time: 2 Hours** **Full Marks: 40**

**(For regular candidates)**

**Questions are of equal value.**
**Answer any *four* questions.**

1. a) What is communication? 2+3+5= 10
   b) What are the barriers of communication?
   c) Mention the key elements in the process of communication with examples.

2. Write a letter to the editor of a widely circulated newspaper about the bad condition of roads in your locality.

3. Write an email to the Head of your Department requesting leave of absence for one day.

4. Write an essay on any one of the following:
   a) My Favourite Film b) Environmental Pollution c) Festivals of Santiniketan

5. What are the differences between Newspaper/Print Media writing and Social Media/ Digital Media writing? Give examples.

6. Prepare your detailed CV keeping in mind a job application.

**Undergraduate Examination 2026**
**Semester – II (NEP)**
**CVAC- 02 - Environmental Studies**
**(For Regular and Back Candidates)**

**Time: 3 hours** **Full marks 60**

উত্তরপত্রটি ইংরেজি, বাংলা অথবা হিন্দিতে লেখো
দক্ষিণ প্রান্তস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক

I. সঠিক উত্তরটি নির্বাচন করো ১ × ২০=২০

১। 'নীরব বসন্ত' (Silent Spring) বইটি কে লিখেছেন?
ক) র‍্যাচেল কারসন খ) মেধা পাটেকর গ) সেলিম আলি ঘ) রালফ এমারসন

২। ওজনের ঘনত্ব পরিমাপের একককে বলা হয় ______।
ক) ডবসন খ) ডেসিবেল গ) রিখটার ঘ) পাস্কাল

৩। 'ওয়াইল্ডলাইফ ইনস্টিটিউট অফ ইন্ডিয়া' (Wildlife Institute of India) কোথায় অবস্থিত?
ক) বোম্বে খ) কোয়েম্বাটুর গ) দেরাদুন ঘ) নাগপুর

৪। নিচের কোন উদ্ভিদটি থেকে মরফিন (Morphine) নামক ওষুধ পাওয়া যায়?
ক) আফিম খ) বেলাডোনা গ) কর্পূর গাছ ঘ) হলুদ সিনকোনা

৫। "বায়োম্যাগনিফিকেশন" (Biomagnification) শব্দটি কিসের সাথে সম্পর্কিত?
ক) যানবাহনের নির্গমনজনিত বায়ুদূষণ খ) শহরাঞ্চলে সৃষ্ট শব্দদূষণ
গ) জলাশয়ে শৈবালের অত্যধিক বৃদ্ধি ঘ) উচ্চতর পুষ্টিস্তরে (trophic levels) কীটনাশকের সঞ্চয়ন

৬। শান্তিনিকেতনে 'বৃক্ষরোপণ' উৎসব কবে পালিত হয়?
ক) ২২শে শ্রাবণ খ) ২৫শে বৈশাখ গ) ২৩শে শ্রাবণ ঘ) এর কোনোটিই নয়

৭। ২০১১ সালে কোন পারমাণবিক বিপর্যয়টি ঘটেছিল?
ক) চেরনোবিল বিপর্যয় খ) থ্রি মাইল আইল্যান্ড দুর্ঘটনা
গ) ফুকুশিমা দাইচি বিপর্যয় ঘ) ভোপাল গ্যাস দুর্ঘটনা

৮। ভারতে 'বায়ু (দূষণ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ) আইন' টি যে সালে প্রণীত হয়েছিল তা হলো:
ক) ১৯৭১ খ) ১৯৭২ গ) ১৯৮২ ঘ) ১৯৮১

৯। ওড়িশার 'ভিতর কণিকা' যেটির সংরক্ষণের জন্য পরিচিত:
ক) অলিভ রিডলি কচ্ছপ খ) লেদারব্যাক কচ্ছপ
গ) স্পটেড কচ্ছপ ঘ) লগারহেড সামুদ্রিক কচ্ছপ

১০। অতি-বিপন্ন 'গোল্ডেন ল্যাঙ্গুর' (সোনালী হনুমান) মূলত যেখানে সংরক্ষিত হয়:
ক) আসাম খ) পশ্চিমবঙ্গ গ) কেরল ও তামিলনাড়ু ঘ) উত্তরাখণ্ড

১১। সামুদ্রিক বাস্তুতন্ত্রের উৎপাদক হল-
ক) জুপ্লাঙ্কটন (Zooplankton) খ) ফাইটোপ্লাঙ্কটন (Phytoplankton)
গ) হাঙ্গর (Shark) ঘ) ডলফিন (Dolphin)

১২। একটি স্থলজ বাস্তুতন্ত্রের প্রাথমিক খাদকরা সাধারণত হয়:
ক) মাংসাশী খ) বিয়োজক গ) তৃণভোজী ঘ) সবুজ উদ্ভিদ

১৩। 'আন্তর্জাতিক জলাভূমি সংরক্ষণ দিবস' পালন করা হয়:
ক) ১৬ সেপ্টেম্বর খ) ২২ মার্চ গ) ৮জুন ঘ) ২ ফেব্রুয়ারি

১৪। যে দূষক দ্বারা কলুষিত জলপান করার ফলে 'ব্ল্যাক ফুট রোগ' হয় তা হলো:
ক) সিসা খ) আর্সেনিক গ) পারদ ঘ) ক্যাডমিয়াম

১৫। বিপন্ন প্রজাতির বাণিজ্যের ওপর নিয়ন্ত্রণ আরোপ করে কোন কনভেনশনটি?

ক) UNESCO   খ) CITES   গ) MAB   ঘ) WWF

১৬। হিমালয়ের পাদদেশে কোন তৃনভূমিটি দেখা যায়?

ক) বানী (Baani)   খ) তরাই (Terai)   গ) সেমি এরিড (Semi Arid) ঘ) শোলা (Shola)

১৭। অ্যাসিড বৃষ্টির ক্ষেত্রে বৃষ্টির জলের pH-এর মান হয় ______

ক) ৭.০   খ) ৫.৬-এর কম   গ) ৫.৬-এর বেশি   ঘ) এর কোনোটিই নয়

১৮। পৃথিবীর বায়ুমণ্ডলে অক্সিজেনের শতকরা পরিমাণ হলো:

ক) ২১   খ) ৪৭   গ) ৭৮   ঘ) ১৫

১৯। নিচের কোনটি একটি বাহক-বাহিত রোগ?

ক) ম্যালেরিয়া   খ) ডেঙ্গু   গ) চিকুনগুনিয়া   ঘ) সবকটি সঠিক

২০। 'কানহা জাতীয় উদ্যান' টি যে রাজ্যে অবস্থিত:

ক) তামিলনাড়ু   খ) কেরল   গ) পশ্চিমবঙ্গ   ঘ) মধ্যপ্রদেশ

**II. পূর্ণনামলেখো** ১ × ৫ = ৫

১। WWF   ২। WHO   ৩। CPCB   ৪। UNCED   ৫। UNDP

**III. শূন্যস্থানপূরণকরো** ১ × ৫ = ৫

১। কিয়োটো প্রোটোকল _________ নিয়ন্ত্রণ ও হ্রাসের সাথে সম্পর্কিত।

২। _________ উপাদানে দূষিত মাছ খাওয়ার ফলে মিনামাটা রোগ হয়।

৩। ওজোন স্তর ক্ষয়ের জন্য দায়ী যৌগটি হলো ________________।

৪। পরিবেশ সুরক্ষা আইন প্রণীত হয়েছিল ________________ সালে।

৫।__________ হলো সেই ভারতীয় প্রাণী, যাকে কেবল গুজরাটের গির অরণ্যেই সংরক্ষণ করা হয়।

**IV. নিচের যে কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও** ২ × ৫ = ১০

১। পরিবেশগত সমস্যা নিয়ে কাজ করে এমন দুটি সরকারি সংস্থার নাম লেখো।

২। বাস্তুতন্ত্রের সংজ্ঞা দাও।

৩। বায়ুমণ্ডলের বিভিন্ন স্তরগুলো কী কী?

৪। ভারতের দুটি ইউনেস্কো বিশ্ব ঐতিহ্যবাহী (UNESCO World Heritage) স্থানের নাম লেখো।

৫। 'এক্স-সিটু সংরক্ষণ' (Ex-situ conservation) কী?

৬। দুটি প্রাথমিক বায়ুদূষকের নাম লেখো।

৭। ইউট্রোফিকেশন (Eutrophication) কী?

৮। দুটি পুনর্নবীকরণযোগ্য (renewable) শক্তির উৎসের নাম লেখো।

**V. যে কোন চারটি প্রশ্নের সংক্ষিপ্ত উত্তর দাও** ৫ × ৪ = ২০

১। পরিবেশ বিদ্যা যে একটি বহু শাস্ত্রীয় বিষয়, তা ব্যাখ্যা করো।
২। ব্যক্তিগতভাবে আলোচনা করো, কীভাবে তুমি পরিবেশ রক্ষা করতে পারো।
৩। বন থেকে প্রাপ্ত পণ্য ও সেবাসমূহ ব্যাখ্যা করো।
৪। উদাহরণসহ খাদ্য শৃঙ্খল ও খাদ্য জাল বর্ণনা করো।
৫। বড় বাঁধ নির্মাণের কারণে সৃষ্ট সমস্যাগুলো ব্যাখ্যা করো।
৬। 'গ্রীনহাউস এফেক্ট' (Greenhouse Effect) এবং জলবায়ুর উপর এর প্রভাব বর্ণনা কর।
৭। নগরায়নের কারণ ও সমস্যাগুলো ব্যাখ্যা করো।
৮। পরিবেশ সম্বন্ধে গান্ধীর ধারণাটি (Gandhi's Concept) আলোচনা করো।

-----------